বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েবসাইটঃ www.bangladeshbank.org.bd

এফইআইডি সার্কুলার পত্র নম্বরঃ ০১/২০১৩

১৫ মাঘ ১৪১৯ বঙ্গাব্দ

তারিখ: -----

২৮ জানুয়ারি ২০১৩ খ্রিস্টাব্দ

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়.

১৯৪৭ সালের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইনের ১৮এ ধারার আওতায় অনুমোদন গ্রহণ/নবায়ন/অন্তর্ভুক্তি সংক্রান্ত অনুমোদন প্রক্রিয়া উদারিকরণ প্রসঙ্গে।

বাংলাদেশে নিবাসী নন এমন ব্যক্তি বা বাংলাদেশে নিবন্ধিত নয় এমন কোনো প্রতিষ্ঠানের ব্যবসায়িক কার্যক্রমে এজেন্ট, কারিগরী বা ব্যবস্থাপনা উপদেষ্টা বা কর্মকর্তার ভূমিকায় বাংলাদেশে কাজ করার জন্য সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ১৯৪৭ সালের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইনের ১৮এ ধারার আওতায় বাংলাদেশ ব্যাংকের সাধারণ বা বিশেষ অনুমোদন গ্রহণ করতে হয়। অনুমোদন গ্রহণ প্রক্রিয়ায় কালক্ষেপণজনিত কারণে প্রাসন্ধিক ব্যবসায়িক কার্যক্রমের শুরু বিলম্বিত হওয়া পরিহারের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্তগুলো অবিলম্বে কার্যকর হবে:

ক। অনুমোদন গ্রহণের জন্য Guidelines for Foreign Exchange Transactions (Vol.-1), 2009 এর App. 6/3 এবং অত্র বিভাগের ২৩/১১/২০১০ তারিখের সার্কুলার পত্র নং-০২/২০১০ এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রাসন্ধিক কাগজপত্রসহ আবেদনপত্র প্রতিষ্ঠানের উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষরে অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় দাখিলকৃত হবে।

খ। আবেদনপত্র এবং তদ্সঙ্গে পাওয়া কাগজপত্র যথাযথ হওয়ার বিষয়ে প্রত্যয়নসহকারে অনুমোদিত ডিলার ব্যাংক শাখার বৈদেশিক মুদ্রা সংক্রান্ত কার্যক্রমের প্রধান কর্মকর্তার স্বাক্ষর সম্বলিত ফরোয়ার্ডিং (সুপারিশসহ) পত্রের (সংযোজনী-১ এ প্রদত্ত ছকে) ইলেকট্রনিক কপি (gm.feid@bb.org.bd) বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগের মহাব্যবস্থাপক মহোদয়ের বরাবরে প্রেরণ করতে হবে। একই সাথে ফরোয়ার্ডিং পত্রের হার্ডকপি ও দাখিলযোগ্য সমুদয় দলিলাদিও একই প্রাপকের বরাবরে একই দিনে প্রেরণ করতে হবে। ইলেক্ট্রনিক মাধ্যমে বার্তাটির প্রাপ্তি স্বীকার অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় পরবর্তী কার্যদিবসে জানানো হবে। প্রাপ্তি স্বীকার বার্তাটিই এজেন্সি কার্যক্রমের আবেদনের অস্থায়ী অনুমোদন বলে বিবেচিত হবে এবং এর মেয়াদ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে। এই ব্যবস্থা বাংলাদেশ ব্যাংকের অন্যান্য অফিসসমূহের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

গ। একই দিনে প্রেরিত আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগে/অফিসে হার্ডকপিতে প্রাপ্তির পর বিশদ পর্যালোচনায় অসম্পূর্ণতা পরিলক্ষিত হলে প্রয়োজনীয় দলিলাদি এবং ব্যাখ্যা/তথ্য চাওয়া হবে। যাচিত দলিলাদি এবং ব্যাখ্যা/তথ্যের সন্তোষজনক জবাব সর্বোচ্চ ৮ (আট) সপ্তাহের মধ্যে পাওয়া না গেলে প্রাথমিক অস্থায়ী অনুমোদন বাতিল করে নির্দেশ জানানো হবে। অন্যদিকে আবেদন যথাযথ ও সম্পূর্ণ পাওয়া গেলে আনুষ্ঠানিক অনুমোদনপত্র ইস্যু করা হবে।

ঘ। ব্যাংক শাখার ফরোয়ার্ডিং পত্র নির্ধারিত ছকে (সংযোজনী-১) এবং অত্র সার্কুলার পত্রের নির্দেশনা মোতাবেক যথাযথভাবে প্রেরিত না হলে প্রাপ্তি স্বীকার করা হবে না এবং সংশ্লিষ্ট আবেদনকারী প্রতিষ্ঠানটি প্রাথমিক অনুমোদনপ্রাপ্ত বলে বিবেচিত হবে না।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

ঙ। অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের কমিশন অর্জন ও প্রত্যাবাসন সম্পর্কিত প্রত্যয়নপত্র/কমিশন বিবরণী দাখিলের

ক্ষেত্রে এবং যেসব স্থানীয় এজেন্ট প্রতিষ্ঠানের অন্ত:মুখী ও বহির্মুখী উভয় ধরণের রেমিট্যান্স সংশ্লিষ্ট থাকে তাদের ক্ষেত্রে

২৩/১১/২০১০ তারিখের এফইআইডি সার্কুলার পত্র নং-০২ এ প্রদত্ত নির্দেশনা অনুসরণীয় হবে। উল্লেখ্য যে, উক্ত

সার্কুলারপত্রের নির্দেশনা অনুসারে কমিশন প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে সংযোজিত না পাওয়া গেলে/কমিশন সংক্রান্ত

ত্রৈমাসিক বিবরণী ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টে দাখিল করা না হলে অনুমতি বাতিলের বিষয়টি বাংলাদেশ

ব্যাংক প্রান্তে বিবেচিত হতে পারে।

চ। ১৯৪৭ সালের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইনের ১৮বি ধারার আওতায় অনুমতিপ্রাপ্ত অনিবাসী প্রতিষ্ঠানসমূহের

এদেশস্থ শাখা ও লিয়াজোঁ অফিসসমূহে অনিবাসী ব্যক্তি কর্তৃক কাজ করার জন্য একই আইনের ১৮এ ধারার আওতায়

বাংলাদেশ ব্যাংক হতে অনুমতি গ্রহণের ক্ষেত্রে পূর্বের নিয়ম অপরিবর্তিত থাকবে।

উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সক্রিয় ভূমিকা গ্রহণসহ তা সংশ্লিষ্ট সকল গ্রাহককে অবহিত করার জন্য অনুমোদিত

ডিলার ব্যাংক শাখাগুলোকে পরামর্শ দেয়া যাচ্ছে। এক্ষেত্রে এডি ব্যাংকের কোনো গাফিলতি/শৈথিল্যের কারণে আমদানী-

রপ্তানীসহ অন্যান্য ব্যবসায়িক কার্যক্রমে বিঘ্নু ঘটলে কিংবা এতদসংক্রান্ত বিষয়ে গ্রাহক হয়রানির অভিযোগ প্রমাণিত হলে

সংশ্লিষ্ট ব্যাংকের বিরূদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/

(নুরুন নাহার)

উপ-মহাব্যবস্থাপক

ফোন: ৯৫১২৬০৫।

E-mail Application of the AD Bank

Annexure-1

Ref. No:

The General Manager
Foreign Exchange Investment Department
Bangladesh Bank
Head Office
Dhaka.

Dear Sir,

E-mail:

Application for Permission (or renewal of permission, or inclusion of new principal) to work as Local Agent (or Local Buying Agent, or Local Indenting Agent, or Local Shipping Agent, or Local Cargo Freight Forwarding Agent, etc.) under Section-18A of Foreign Exchange Regulation Act, 1947.

Bangladesh Bank Permission No:-----

We are submitting the application of ------ (Name of the Agent) which is a local owned/foreign owned/local-foreign joint venture firm/company to work as Local Agent (or Local Buying Agent, or Local Indenting Agent, or Local Shipping Agent, or Local Cargo Freight Forwarding Agent, etc.) on behalf of their foreign principal(s) ------ (Name of the Principal(s)) for granting permission under Section-18A of Foreign Exchange Regulation Act, 1947.

We hereby certify that all the required documents mentioned in the App. 6/3 of Guidelines for Foreign Exchange Transactions (Vol.-1), 2009 and Circular Letter No.-02/2010, dated: 23/11/2010 has been received from ------ (Name of the Agent) and verified by us. We also certify that all the documents are found genuine and correct. We have already submitted all these documents (hard copy) to your good office for granting permission under Section-18A of Foreign Exchange Regulation Act, 1947.

We hereby also certify that all commissions/fees/service charges accrued as per agreement/ contract between ------- (Name of the Agent) and ------ (Name of the Principal) have been repatriated in Bangladesh and accurately furnished in the Commission Statement (as per Circular Letter No.-02/2010, dated: 23/11/2010) attached with all other documents submitted to Bangladesh Bank. There are no unrepatriated overdue commissions/fees/service charges from the above mentioned principal(s).

We recommend hereby to kindly accord permission to ----- (Name of the Agent) under Section 18A of Foreign Exchange Regulation Act, 1947.

Sincerely Yours,	
Name:	
Designation:	
Phone:	
Fax:	